

ভিডিও

ছবি

ভিডিও

ভর্তি

রয়েট-চুয়েট-কুয়েটে আসন খালি, ডাকা হলো ৬৯৯ ভর্তি-ইচ্ছুককে

নিজস্ব প্রতিবেদক ঢাকা



By using this site, you agree to our Privacy Policy. OK

প্রকৌশল গুচ্ছভুক্ত চুয়েট, কুয়েট ও কুয়েটে ২০২৩-২৪ শিক্ষাবর্ষে বিভিন্ন বিভাগে স্নাতক পর্যায়ে ভর্তির জন্য আসন শূন্য রয়েছে। তৃতীয় ধাপে ভর্তির পরও আসন পূরণ না হওয়ায় চতুর্থ ধাপে ভর্তির জন্য ৬৯৯ শিক্ষার্থীকে ডাকা হয়েছে। আগামী ৩ জুলাই তাঁদের প্রয়োজনীয় কাগজপত্র নিয়ে হাজির হতে হবে। গত ৩ মার্চ প্রকৌশল গুচ্ছের ভর্তি পরীক্ষা হয়েছে।

চতুর্থ ধাপে ভর্তি প্রক্রিয়াসংক্রান্ত বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ২০২৩-২৪ শিক্ষাবর্ষে চুয়েট, কুয়েট ও কুয়েটের ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের প্রকাশিত মেধা তালিকা হতে গত ৮, ৯ ও ২৯ মে শিক্ষার্থী ভর্তি করা হয়। ভর্তিকৃত প্রার্থীদের প্রাপ্ত বিভাগ ও বিশ্ববিদ্যালয় এবং বিভাগওয়ারি শূন্য আসনসংখ্যা সমন্বিত ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে

<https://admissionkruet.ac.bd> দেওয়া হয়েছে। তৃতীয় পর্যায়ের ভর্তির পর আসন খালি থাকায় ৫ হাজার ৮০১ থেকে ৬ হাজার ৫০০ মেধাক্রমধারী শিক্ষার্থীদের আগামী ৩ জুলাই (বুধবার) নির্দিষ্ট সময়ে পরীক্ষাকেন্দ্রে ভর্তির জন্য নিরীক্ষা কমিটির কাছে উপস্থিত হওয়ার জন্য নির্দেশ দেওয়া হয়েছে। এ দিন সকাল সাড়ে ৯টা হতে বেলা তিনটা পর্যন্ত ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগে ভর্তি নেওয়া হবে।

মেধাক্রমের ভিত্তিতে নিরীক্ষা কমিটির নিকট উপস্থিত প্রার্থীদের আসন খালি থাকা সাপেক্ষে ভর্তি করা হবে। আসনসংখ্যার চেয়ে বেশি প্রার্থী উপস্থিত হলে অতিরিক্ত প্রার্থীদের নিয়ে মেধাক্রম অনুযায়ী একটি অপেক্ষমান তালিকা সংরক্ষণ করা হবে। পরে উক্ত তালিকা থেকে আসন খালি হওয়া সাপেক্ষে ভর্তির জন্য প্রার্থীদের পর্যায়ক্রমে ডাকা হবে।

প্রার্থীদের জন্য করণীয়

মেধাক্রমধারী প্রার্থীদের <https://admissionkruet.ac.bd> লিংকে প্রবেশপূর্বক 'Application' ট্যাবে ক্লিক করে 'Registered Applicant' হিসেবে Login করতে হবে। এরপর ইতোপূর্বে পূরণকৃত 'Online Choice Form' এবং Dashboard-এ নির্দেশিত অন্য সব ফর্ম Download পূর্বক পূরণ করে (প্রিন্টেড কপি) ভর্তির সময় নিয়ে আসতে হবে। প্রার্থী যদি Online Choice Form পূর্বে পূরণ না করে থাকেন অথবা পূর্বে পূরণকৃত Online Choice Form পরিবর্তন করতে চান, তবে ভর্তির দিন তা পূরণের সুযোগ থাকবে। ভর্তি কার্যক্রম চুয়েট, কুয়েট ও কুয়েট কেন্দ্রে একযোগে অনুষ্ঠিত হবে। প্রার্থী যে কেন্দ্রে ভর্তি পরীক্ষায় অংশ নিয়েছেন উক্ত কেন্দ্রেই উপস্থিত হয়ে তাঁকে ভর্তির জন্য প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে। নিরীক্ষা কমিটি দ্বারা প্রার্থীদের সনদপত্র যাচাইপূর্বক জমাদান পরবর্তী স্বাস্থ্য পরীক্ষা করতে হবে।

ফি কত

পরের দিন (৪ জুলাই) সকালে প্রাপ্ত বিশ্ববিদ্যালয় ও প্রাপ্ত বিভাগ দেখে ভর্তির জন্য নির্ধারিত ফি ১৮ হাজার ৫০০ টাকা সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের নির্দেশিত ব্যাংকে বেলা সাড়ে ৩টার মধ্যে জমা দিতে হবে। তবে কোনো প্রার্থী চাইলে স্বাস্থ্য পরীক্ষা শেষে একই দিন (৩ জুলাই) ভর্তির নির্ধারিত ফি কর্তৃপক্ষের অনুমতিক্রমে ব্যাংকে জমা দিতে পারবেন।

*বিস্তারিত দেখুন এখানে



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন



 **prothomalo.com**

By using this site, you agree to our Privacy Policy.

